



## শাহী-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি

নং: এসএমইউসিটি/প্রশা/সাধা:/অভ্য/নোটিশ/২৬/০৬/৭৮

তারিখ: ০৮-০৭-২০২৬ খ্রি:

### বিভ্রান্তিকর ও অপপ্রচারমূলক তথ্য সম্পর্কে সতর্কীকরণ

সম্প্রতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে যে, এ বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব বিভাগের অস্থায়ীভাবে নিয়োগ প্রাপ্ত সাবেক উপ-পরিচালক জনাব নীহার রঞ্জন দেবনাথ, যিনি তার অযোগ্যতা ও অদক্ষতার জন্য প্রবেশনারি সময়কালে (মাত্র ৯ মাস ১৫ দিন পরে) ১৫-০৩-২০২৬ তারিখে চাকুরি থেকে অব্যাহতিপ্রাপ্ত হয়েছিলেন, তিনি চাকুরি হতে অব্যাহতির ৫ মাস পরে এখন উদ্দেশ্যপ্রণোদিতভাবে বিভিন্ন ব্যক্তি, প্রতিষ্ঠান এবং মন্ত্রণালয়ে এ বিশ্ববিদ্যালয় এবং এর উর্ধ্বতন কর্মকর্তাদের সম্পর্কে বিভিন্ন বিভ্রান্তিকর, ভিত্তিহীন ও মানহানিকর তথ্য প্রচার করছেন বা মিথ্যা অভিযোগ করছেন।

তার এ ধরনের মিথ্যা অভিযোগের ফলে বিশ্ববিদ্যালয়ের সুনাম ক্ষুণ্ণ হওয়ার আশঙ্কা দেখা দেওয়ায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রচলিত আইন অনুযায়ী প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণ করছে।

এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদেরকে যাচাই-বাছাই ব্যতিরেকে কোনো অপপ্রচার, বিভ্রান্তিকর তথ্য বা সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারিত অসত্য বক্তব্যে বিভ্রান্ত না হওয়ার জন্য, কিংবা সেগুলো প্রচার বা শেয়ার করা থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

বিশ্ববিদ্যালয় সম্পর্কিত যে কোনো বিষয়ে প্রয়োজন হলে কেবলমাত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তি ও অনুমোদিত যোগাযোগ মাধ্যমের তথ্যের ওপর নির্ভর করার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

এই নোটিশটি মাননীয় ভাইস-চ্যান্সেলরের নির্দেশনা মোতাবেক জারি করা হলো।

*Signature* ০৪.০৭.২৬

(ড. পাড় মশিযুর রহমান)  
রেজিস্ট্রার

